# নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৪২। নিন্দা-ভৎর্সনা, ঠাট্টা-বিদ্রুপ ও মিথ্যা অপবাদে ধৈর্যধারণ করা (الصبر على الاتهام والتعيير والاستهزاء)

আল্লাহ তা'আলা বলেন:

(كَذَلِكَ مَا أَتَى الَّذِينَ مِنْ قَبْلِهِمْ مِنْ رَسُولٍ إِلَّا قَالُوا سَاحِرٌ أَوْ مَجْنُونٌ (52)أَتَوَاصَوْا بِهِ بَلْ هُمْ قَوْمٌ طَاغُونَ (53)) ... [الذاريات: 52 ـ 53]

‘এভাবে তাদের পূর্ববর্তীদের মধ্য থেকে যে রাসূলই এসেছেন, তারা বলেছে, ‘এ তো একজন যাদুকর অথবা উন্মাদ।’ (৫২) তারা কি একে অন্যকে এ বিষয়ে অছিয়ত করেছে? বরং এরা সীমালংঘনকারী জাতি’ (সূরা আয-যারিয়াত: ৫২-৫৩)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِينَ سَخِرُوا مِنْهُمْ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ (10)) ... [الأنعام: 10].

‘নিশ্চয়ই আপনার পূর্ববর্তী রাসূলগণের সাথেও উপহাস করা হয়েছে। অতঃপর যারা তাঁদের সাথে উপহাস করেছিল, তাদেরকে ঐ শাস্তি বেষ্টন করে নিল, যা নিয়ে তারা উপহাস করত’ (সূরা আল-আন'আম: ১০)।

আল্লাহ তা'আলা আরও বলেন:

(بَلْ قَالُوا أَضْغَاثُ أَحْلَامٍ بَلِ افْتَرَاهُ بَلْ هُوَ شَاعِرٌ فَلْيَأْتِنَا بِآيَةٍ كَمَا أُرْسِلَ الْأَوَّلُونَ (5)) ... [الأنبياء: 5].

‘বরং তারা বলে, এগুলো অলীক কল্পনা, হয় সে এটি মন থেকে বানিয়েছে নয়তো সে একজন কবি। অতএব, সে আমাদের কাছে এমন নিদর্শন নিয়ে আসুক, যেরূপ নিদর্শনসহ প্রেরিত হয়েছিলেন পূর্ববর্তীগণ’ (সূরা আল-আম্বিয়া:৫)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَلَقَدْ نَعْلَمُ أَنَّكَ يَضِيقُ صَدْرُكَ بِمَا يَقُولُونَ (97) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِنَ السَّاجِدِينَ (98) وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ (99)) ... [الحجر: 97 ـ 99]

‘আর অবশ্যই আমি জানি যে, তারা যা বলে, তাতে তোমার অন্তর সঙ্কুচিত হয়। (৯৭) সুতরাং তুমি তোমার রবের প্রশংসায় তাসবীহ পাঠ কর এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হও। (৯৮) আর ইয়াকীন আসা পর্যন্ত তুমি তোমার রবের ইবাদত কর’ (সূরা আল-হিজর: ৯৭-৯৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন